



# শ্রীরামপুর ও জোকায় 'সোলারিজ' নামে আবাসন প্রকল্প আনছে ইডেন রিয়েলটি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: মধ্যবিত্তকে আয়ত্তের মধ্যে ফ্ল্যাট দিতে শহরতলিতে দু'টি নতুন প্রকল্প ঘোষণা করল ইডেন রিয়েলটি। একটি শ্রীরামপুরে, অপরটি জোকায়। 'সোলারিজ' নামের প্রকল্পটিতে থাকছে সৌরবিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা, যা আবাসিকদের রক্ষণাবেক্ষণের খরচকে অনেকটা কমিয়ে আনবে বলে দাবি করেছে ইডেন রিয়েলটি।

শুক্রবার ইডেন রিয়েলটি গ্রুপের চেয়ারম্যান সচ্চিদানন্দ রাই বলেন, তাঁরা শ্রীরামপুরের প্রকল্পটিতে ৮০০ কোটি টাকা বিনিয়োগ করছেন এবং জোকায় যৌথ উদ্যোগে বিনিয়োগ হচ্ছে ২২০ কোটি টাকা। এর মধ্যে শ্রীরামপুরের প্রকল্পটিতে থাকছে ৪ হাজার ৩০০ ফ্ল্যাট, যা শুরু হচ্ছে ২৭৫ বর্গফুট থেকে। তবে সেগুলি হবে মূলত স্টুডিও। এক বেডরুমের ফ্ল্যাটের মাপ শুরু ৪০০ বর্গফুট থেকে। তিন বেডরুমের ফ্ল্যাটের আয়তন ৯১০ বর্গফুট। ফ্ল্যাটগুলির দাম শুরু ৪ লক্ষ ৯৫ হাজার টাকা থেকে ২০ লক্ষ ২০ হাজার টাকার মধ্যে। জোকায় প্রকল্পে ৯৪৮টি ফ্ল্যাট তৈরি হবে, যেখানে ৪০০ থেকে ৯১০ বর্গফুট পর্যন্ত আয়তনের ফ্ল্যাট মিলবে। এখানে ফ্ল্যাটের দাম ৯ লক্ষ ৭০ হাজার টাকা থেকে ২৭ লক্ষ টাকার মধ্যে। দু'টি প্রকল্পেই থাকছে শপিং মল, জিম, খেলার মাঠ বা

সুইমিং পুলের মতো যাবতীয় নাগরিক সুযোগ সুবিধা পাশাপাশি দু'টি জায়গাতেই ট্রেন ও বাস সংযোগের ক্ষেত্রেও যথেষ্ট সুবিধা পাবেন ক্রেতারা, দাবি করেছে নির্মাতা সংস্থাটি। তবে প্রকল্প দু'টির সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল এখানে সৌরবিদ্যুৎ ব্যবস্থা। চেয়ারম্যান সচ্চিদানন্দ রাই বলেন, আমরা শ্রীরামপুরে টাওয়ারগুলির মাথায় যে সোলার প্যানেল বসাব, তা থেকে ১.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে জোকায় হবে ৪০০ কিলোওয়াট। কমন এরিয়ায় যে বিদ্যুৎ প্রয়োজন হবে, তার ৯০ শতাংশ এখান থেকে আসবে। ফলে বর্তমান আবাসন প্রকল্পগুলিতে যেখানে ফ্ল্যাট রক্ষণাবেক্ষণের জন্য বর্তমানে বর্গফুট প্রতি প্রায় তিন টাকা খরচ করতে হয় সেখানে এই খরচ এক টাকারও কম হবে, দাবি করেছে চেয়ারম্যান। তাঁর দাবি, শ্রীরামপুরের প্রকল্পে যে সৌরবিদ্যুৎ উৎপাদন হবে, তা আবাসনের নিরিখে বিশ্বে দ্বিতীয় বৃহত্তম ও এশিয়ায় বৃহত্তম। তাঁরা দু'টি ধাপে ফ্ল্যাটগুলি তৈরি করলেও প্রথম ধাপের ফ্ল্যাটগুলি আগামী পাঁচ বছরের মধ্যে গ্রাহকের হাতে তুলে দেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। এদিন প্রকল্প দু'টির উদ্বোধন করেন অভিনেত্রী গার্গী রায়চৌধুরী। উপস্থিত ছিলেন স্থপতি মলয় ঘোষ। • নিজস্ব চিত্র